

কীটতত্ত্ব শাখা প্রযুক্তি-১১

১) প্রযুক্তির নামঃ	হাত দ্বারা পাটের বিছা পোকা দমন।
২) প্রযুক্তির বৈশিষ্ট্যঃ	১. ব্যবহার পদ্ধতি সহজ। ২. পরিবেশ দূষণ মুক্ত। ৩. অর্থনৈতিক ভাবে লাভজনক।
৩) প্রযুক্তির উপযোগিতাঃ	বিছাপোকা পাট ফসলের একটি মারাত্মক ক্ষতিকারক পোকা। সময়মত দমন না করতে পারলে পাট আশের ফলন মারাত্মকভাবে ব্যহত হতে পারে। হাত দ্বারা পাটের বিছাপোকা দমন প্রযুক্তি পাট চাষীদের নিকট খুবই জনপ্রিয় এবং এই প্রযুক্তির মাধ্যমে পাটচাষীরা সহজেই বিছাপোকা দমন করতে পারেন।
৪) মাঠ পর্যায়ের তথ্যঃ	পাটের বিছা পোকাকার কীড়া (লার্ভা) যখন দলবদ্ধ ভাবে পাতার নিচে থাকে তখন হাত দিয়ে লার্ভা সহ পাতা তুলে কেরোসিন মিশ্রিত পানিতে ডুবিয়ে অথবা পায়ের নীচে পিষে মারতে হবে।
৫) প্রযুক্তি হতে ফলন/প্রাপ্তিঃ	আঁশ উৎপাদনে বৎসরে সর্বাধিক ৩ (তিন) বার লার্ভা হাত দ্বারা বাছাই এর প্রয়োজন হয়। প্রতি বারে ৩ জন শ্রমিক ১ হেক্টর জমির লার্ভা হাত বাছাই (Hand Picking) করে মারতে পারে। তিন বারে শ্রমিক মজুরী = $600 \times 3 \times 3 = 5400/-$ প্রতি হেক্টরে উৎপাদন বৃদ্ধি ৭ মন আঁশ যার আনমানিক বাজার মূল্য $2800 \times 7 = 19600/-$ টাকা অতএব, হাত বাছাই করে প্রকৃত লাভ = $(19600 - 5400) = 14,200/-$